এরপর রাসূল সা. সাহাবীদের নিয়ে বদরের দিকে রওয়ানা হলেন এবং বদরের নিকবর্তী এক স্থানে এসে যাত্রা বিরতি করলেন। রাসূল সা. আবু বকর রাযি.কে সঙ্গে নিয়ে মক্কা থেকে আগত বাহিনীর গতিবিধি লক্ষ করার জন্য বের হয়ে গেলেন। এরপর সন্ধায় আবারও আলী ইবনে আবি তালিব, যুবায়ের ইবনে আওয়াম এবং সাদ ইবনে আবি ওয়াক্কাস রাযি. কে কুরাইশ বাহিনীর খোঁজ খবর নেওয়ার জন্য পাঠালেন। তাঁরা বদরের কূপের নিকট থেকে কুরাইশ বাহিনীর পানি সংগ্রাহক দুই লোককে ধরে আনেন। রাসূল সা. তখন নামাজ পড়ছিলেন। সাহাবীরা তাদের পরিচয় জানতে চাইলে তারা বলল, আমরা কুরাইশদের পানি সংগ্রাহক।

কিন্তু সাহাবায়ে কেরাম একথা বিশ্বাস করতে পারছিলেন না, কারণ তাদের ধারণা ছিল আবু সুফিয়ান কাফেলা নিয়ে এখনও এ অঞ্চল অতিক্রম করে নি। বরং তারা আশপাশেই কোথাও আছে। এবং এরাও আবু সুফিয়ানের কাফেলার কেউ হবে তাই তাঁরা ভাবলেন এরা মিথ্যা বলছে। এরা আবু সুফিয়ানেরই লোক। তাই তাদের প্রহার করে জিজ্ঞাসা করলেন, সত্যি করে বল তোরা আবু সুফিয়ানের লোক না ?। অতঃপর তারা বলল, হ্যাঁ আমরা আবু সুফিয়ানের লোক। অতঃপর তাদের প্রহার বন্ধ করা হল। তখন রাসূল সা. নামাজ শেষ করে বললেন, তারা যখন সত্য বলছিল তখন তোমরা বিশ্বাস করনি আর যখন মিথ্যা বলেছে তখন বিশ্বাস করেছো। অতঃপর রাসূল সা. তাদের কাছে কুরাইশের খবর জিজ্ঞাসা করলেন। তারা বলল, এই তো তারা এই পাহাড়ের ওপাশে। তারপর বললেন, বল তারা কত জন এসেছে? তারা বলল আমরা জানি না। রাসূল সা. বললেন, তারা প্রতিদিন কতটি উট জবাই করে? তারা বলল, এক দিন নয়টা একদিন দশটা। রাসূল সা. বললেন, তারা সংখ্যায় নয়শত থেকে এক হাজার। এরপর রাসূল সা. তাদের কাছে জানতে চাইলেন, কুরাইশদের কোন কোন নেতা এসেছে? তারা আবু জাহেলে, উতবা, শাইবা, উমাইয়া ইবনে খালফ, নজর ইবনে হারেছসহ সকল নেতার নামই বলল। তখন রাসূল সা. সাহাবাদের উদ্দেশ্য করে বললেন,

هذه مكة قد ألقت اليك م أفلاذ كبدها.

'এই তো, মক্কা তার কলিজার টুকরাদের তোমাদের কাছে অর্পন করেছে।
রাসূল সা. বাহিনী নিয়ে পাহাড় অতিক্রম করে কিছুটা উত্তর দিকে বদরের একটি কূপের পাশে অবস্থান নিলেন। তখন লুহবাব ইবনে মুনজির, তিনি সামরিক বিশেষজ্ঞ ছিলেন। রাসূল সা. কে জিজ্ঞাসা করলেন, 'হে আল্লাহর রাসূল সা. আমরা কি আল্লাহ তাআলার নির্দেশে এখানে অবস্থান নিয়েছি যে, আমরা এখান থেকে সরতে পারবো না, নাকি যুদ্ধ- কৌশলের কারণে আমরা এখানে অবস্থান নিয়েছি, রাসূল সা. বললেন,

بل هو الرأى و الحرب و المكيدة

বরং যুদ্ধ কৌশলের কারণে।
তখন সে বলল, 'হে আল্লাহর রাসূল সা. আমাদের আরো অগ্রসর হয়ে শত্রু বাহিনীর পানির কূপগুলোর কাছাকাছি অবস্থান নেওয়া উচিত, যাতে আমরা তাদের পানিগুলো নষ্ট করে দিতে পারি এবং নিজেদের জন্য একটি জলাধার নির্মাণ করে তা পানি দিয়ে পূর্ণ করতে পারি; যাতে যুদ্ধ চলাকালে আমরা প্রায়েজনীয় পানি সংগ্রহ করতে পারি আর শত্রুরা কোন পানি সংগ্রহ করতে না পারে। তখন রাসূল সা. বললেন,

لقد اشرت بالرأى

(হ্যাঁ) তুমি সঠিক পরামর্শই দিয়েছ।

অতঃপর রাসূল সা. সৈন্য বাহিনী নিয়ে মধ্যরাতের দিকে শত্রুদের পানির একেবারে নিকটে এসে অবস্থান নিলেন। এবং নিজেদের জন্য একটি জলাধার নির্মাণ করলেন । আর শত্রুর পানির কূপগুলো ধ্বংস করে দিলেন। অতঃপর সাদ ইবনে মুআজ রাযি. একটি সামরিক হেড কোয়াটার নির্মাণের প্রস্তাব করলেন।

যেখান থেকে রাসূল সা. যুদ্ধ পর্যবেক্ষণ করতে পারেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দিতে পারেন। এক কথায় যুদ্ধ পরিচালনা করতে পারেন। রাসূল সা. এমন প্রস্তাবের জন্য তার প্রশংসা করে তার জন্য দোআ করলেন। যুদ্ধের ময়দানের উত্তর-পূর্ব পার্শ্বে একটি টিলার উপর যুদ্ধ পচািলনার জন্য সামরিক হেড কোয়াটার নির্মাণ করা হল। এবং সাদ ইবনে মুআজ রাযি. এর নেতৃত্বে রাসূল সা. এর জন্য একটি দেহরক্ষীদল গঠন করা হল। অতঃপর রাসূল সা. পাশের একটি গাছের কাছে নামাজে দাঁড়ালেন এবং সাহাবায়ে কেরাম রাযি. পরম প্রশান্তিতে ভোর পর্যন্ত ঘুমালেন। এ ব্যাপারে আল্লাহ তাআলা বলেন,

إِذْ يُغَشِّيكُمُ النُّعَاسَ أَمَنَةً مِنْهُ وَيُنَزِّلُ عَلَيْكُمْ مِنَ السَّمَاءِ مَاءً لِيُطَهِّرَكُمْ بِهِ وَيُذْهِبَ عَنْكُمْ رِجْزَ الشَّيْطَانِ وَلِيَرْبِطَ عَلَى قُلُوبِكُمْ وَيُثَبِّتَ بِهِ الْأَقْدَامَ

'যখন তিনি আরোপ করেন তোমাদের উপর তন্দ্রাচ্ছন্ন তা নিজের পক্ষ থেকে তোমাদের প্রশান্তির জন্য এবং তোমাদের উপর আকাশ থেকে পানি অবতরণ করেন, যাতে তোমাদিগকে পবিত্র করে দেন এবং যাতে তোমাদের থেকে অপসারিত করে দেন শয়তানের অপবিত্রতা। আর যাতে করে সুরক্ষিত করে দিতে পারেন তোমাদের অন্তরসমূহকে এবং তাতে যেন সুদৃঢ় করে দিতে পারেন তোমাদের পাগুলো।' (সূরা আনফাল ১১)

পর দিন তথা দ্বিতীয় হিজরীর ১৭ রমজান ঊষালগ্নের সঙ্গে সঙ্গেই রাসূল সা. সাহাবীদেরকে শ্রেণীবদ্ধ করতে লাগলেন আর তখনই একটি আশ্চর্য ঘটনা ঘটল। রাসূল সা. তাঁর হাতের তীর দিয়ে কাতার সোজা করছিলেন। এমন সময় সাওয়াদ ইবনে গাজিয়্যা রাযি. বার বার আগে বেড়ে যাচ্ছিলেন। তখন রাসূল সা. তাঁর হাতের তীর দিয়ে তার পেটে ধাক্কা দিয়ে বললেন,

استويا سواد

'সাওয়াদ! কাতার সোজা কর। তখন সাওয়াদ রাযি. বললেন, হে আল্লাহর রাসূল আপনি আমাকে ব্যাথা দিয়েছেন। সুতরাং আমাকে বদলা নিতে দিন। তখন রাসূল সা. তাঁর পেটের কাপড় সরিয়ে বললেন, নাও তীর দিয়ে খোঁচা দিয়ে আমার থেকে বদলা নাও। (কারণ তখন তার পেটে কাপড় ছিলনা) তখন সাওয়াদ রাযি. নবীজির কাছে এসে তাঁর পেট মুবারকে চুমু খেলেন। তখন রাসূল সা. বললেন,

!ماحملك علي هذا ياسواد

'সাওয়াদ কী হল! এমনটি করলে যে? সাওয়াদ রাযি. বললেন, হে আল্লাহর রাসূল যুদ্ধতো লেগেই যাচ্ছে। তাই আমি চাইলাম সর্বশেষ আপনাকে একটু ছুঁয়ে যাই।

মুসলমানদের সৈন্য সংখ্যা কম ছিল। কিন্তু তাঁরা সকলেই আত্মত্যাগের জন্য প্রস্তুত ছিলেন এবং রাসূলের নির্দেশে তারা সংঘবদ্ধ ও দৃঢ়চিত্ত ছিলেন। শ্রেণীবিন্যাস হয়ে গেলে যুদ্ধ শুরুর পূর্বে মহানবী সা. সৈন্যদের সর্বশেষ নির্দেশ দিলেন, শত্রুপক্ষ নিকটবর্তী হলে তীর নিক্ষেপ করবে তবে দূরে থাকতে নয়।

তারা আক্রমণ না করলে তোমরা আক্রমণ করবে না, অতঃপর রাসূল সা. যুদ্ধ পরিচালনার জন্য তাঁর হেডকোয়াটারে চলে গেলেন। তাঁর সাথে ছিলেন আবু বকর রাযি. এবং সাদ ইবনে মুআজ রাযি. এর দল।

এদিকে শত্রু শিবিরে এক হাস্যকর ঘটনা ঘটল। তা হল, নির্বোধ আবু জাহেল আল্লাহ তাআলার কাছে প্রার্থনা করে বলল, 'হে আল্লাহ! সে আমাদের আত্মীয়তার বন্ধনে ফাঁটল সৃষ্টি করেছে এবং এমন এক দীন নিয়ে এসেছে যা আমরা জানি না। হে আল্লাহ! আগামীকাল তাকে লাঞ্ছিত ও অপদস্ত কর। হে আল্লাহ! আমাদের মধ্যে যে, আপনার নিকট প্রিয় ও যাকে আপনি ভালবাসেন তাকেই বিজয় দান করুণ। এ ব্যাপারে আল্লাহ তাআলা আয়াত নাযিল করে বলেন,

إِنْ تَسْتَفْتِحُوا فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ وَإِنْ تَنْتَهُوا فَهُوَ خَيْرٌ لَكُمْ وَإِنْ تَعُودُوا نَعُدْ وَلَنْ تُغْنِيَ عَنْكُمْ فِئَتُكُمْ شَيْئًا وَلَوْ كَثُرَتْ وَأَنَّ اللَّهَ مَعَ الْمُؤْمِنِينَ

(হে কাফের সম্প্রদায়) 'তোমরা যদি সত্যের বিজয় চাও, বিজয় তো তোমাদের সামনেই এসেছে, তোমরা যদি এখনো (মুসলমানদের অনিষ্টকরণ হতে) বিরত থাকো, তবে তা তোমাদের পক্ষেই কল্যাণকর, আর যদি পুনরায় তোমরা এরকম কাজ কর, তবে আমিও তোমাদেরকে পুনরায় শাস্তি দিবো, আর তোমাদের বিরাট বাহিনী তোমাদের কোনই উপকারে আসবে না, নিঃসন্দেহে আল্লাহ মুমিনদের সাথে রয়েছেন।' (সুরা আনফাল ১৯)

যুদ্ধ শুরু:

যুদ্ধের সুচনা হয় এভাবে যে, মাখযুম গোত্রের আসওয়াদ জলাধারের দিকে এগিয়ে আসতে থাকে এবং বলতে থাকে, আল্লাহর কসম! আমি হয় তো তাদের ওখান থেকে পানি নিয়ে আসবো না হয় তা ধ্বংস করবো। অন্যথায় এর জন্য নিজের জান দিব। সে এগিয়ে আসতেই হামযা রাযি. তাকে আক্রমণ করলেন এবং হত্যা করলেন। তখন ওতবা সামনে এগিয়ে এসে দন্দ যুদ্ধের প্রস্তাব করল। ওতবার দুপাশে দাঁড়ালো তার ভ্রাতা সায়বা এবং পুত্র ওয়ালিদ। মুসলমানদের পক্ষে এগিয়ে এলেন আউফ ইবনে হারেছ, মুআইদ ইবনে হারেছ এবং আব্দুল্লাহ ইবনে রওয়াহা রাযি.। ওতবা তাদের পরিচয় জিজ্ঞাসা করে জানল যে তারা আনসার। ওতবা তখন বলল, তোমাদের উপর অসি চালনা করে হাত কলুষিত করতে চাইনা। তোমরা আমাদের সমকক্ষ নও। তখন সে রাসূল সা. এর উদ্দেশ্যে চিৎকার করে বলল, 'মুহাম্মদ! যুদ্ধের সাধ থাকলে আমাদের সমকক্ষ কুরাইশদের পাঠাও। রাসূল সা. আনসারগণকে সরে যেতে বললেন এবং উবায়দা, হামযা, এবং আলী রাযি. কে সামনে ডেকে আনলেন। ওতবার সম্মুখে হামযা রাযি. দাঁড়ালেন ওলিদের সম্মুখে আলী রাযি. এবং সায়বার সম্মুখে উবায়দা রাযি.। যুদ্ধ শুরু হল। চোখের পলকে হামযার আঘাতে ওতবা নিহত হল আলীর আঘাতে ওলিদের দেহ দ্বিখণ্ডিত হল; কিন্তু উবায়দা রাযি. ও সায়বার মাঝে প্রতিদ্বন্দ্বিতা হল। তারা উভয়েই উভয়কে আঘাত করল।

অতঃপর হামযা এবং আলী রাযি. এসে একসঙ্গে আঘাত করে সায়বাকে দ্বিখন্ডিত করলেন এবং উবায়দাকে স্কন্ধে তুলে রাসূল সা. এর নিকটে নিয়ে গেলেন। উবায়দা রাযি. এর পা কেটে গিয়েছিল। তিনি আহত অবস্থায় থেকে চার অথবা পাঁচ দিন পর মদীনায় ফেরার পথে শহীদ হন।

এরপর শুরু হল সর্বাত্মক যুদ্ধ এবং ক্রমশ তা ঘোরতর রূপ ধারণ করতে লাগল। অস্ত্রশস্ত্রে পূর্ণ সজ্জিত এক হাজার যোদ্ধার মোকাবেলায় প্রায় নিরস্ত্র তিনশত তের জন মুজাহিদ। যেন হাজার নেকড়ে ঝাঁপিয়ে পড়েছে ক্ষুদ্র মেষপালের উপর কিংবা প্রবল ঝড় নিভিয়ে

দিতে চাইছে ছোট্ট প্রদীপ। কিন্তু মুমিনগণ আল্লাহর উপর ভরসা করে দৃঢ়ভাবে কুরাইদের আক্রমণ প্রতিহত করতে থাকেন এবং পাল্টা আক্রমণ করে করে শত্রু বাহিনীকে একেবারে বিপর্যস্ত করে তুললেন।

দুই ভাইয়ের বীরত্ব

মদীনা বাসীরা সকলেই জানতেন যে, আবু জাহেল হচ্ছে ইসলামের সর্বাপেক্ষা বড় শত্রু। সে প্রিয় নবীজিকে অনেক কষ্ট দিয়েছে। সে নরাধম এবং পাপিষ্ট। তার জন্যেই এই যুদ্ধের সূত্রপাত। আনস-ারদের মধ্য থেকে মুওয়াজ ও মুআওয়াজ নামক অল্প বয়সী দুই ভাই প্রতিজ্ঞা করলেন যে, এ দুর্বৃত্তকে যেভাবেই হোক তারা হত্যা করবে। না হলে প্রাণ দেবে। আব্দুর রহমান ইবনে আউফ যুদ্ধের ময়দানে যেখানে ছিলেন সেখানে এই দুই ভাই এসে আবু জাহেলের সংবাদ জানতে চাইলেন। তিনি দুজনকে অদূরে অবস্থানরত আবু জাহেলের প্রতি ইশারা করে দেখিয়ে দিলেন। এরা দুজন তখন বাজপাখীর মত প্রাণপণে আবু জাহেলের উপর ঝাঁপিয়ে পড়লেন এবং তাকে ধরাশয়ী করল। আবু জাহেলের পুত্র ইকরামা পিছন থেকে এসে মুআওয়াজের বাম বাহুতে এমনভাবে তরবারী দিয়ে আঘাত করল যে তাঁর বাহুটি কেটে গেল। কিন্তু পুরোপুরি বিচ্ছিন্ন হল না। মুআওয়াজ ঝুলন্ত হাতটা পায়ের নিচে রেখে টেনে ছিঁড়ে ফেললেন এবং এক হাত নিয়েই যুদ্ধ চালিয়ে যেতে লাগলেন। এরপর আব্দুল্লাহ ইবনে মাসউদ আবু জাহেলের মাথা কেটে তাকে হত্যা করলেন।

ওতবা ও আবু জাহেলের মৃত্যুতে কুরাইশ বাহিনী সম্পূর্ণরুপে ভেঙ্গে পড়ল এবং নিরুৎসাহিত হল । তারা আর যুদ্ধ করতে সাহস পেল না। এই যুদ্ধে মহান আল্লাহ তাআলা মুমিনদেরকে সরাসরি ফেরেশতাদের মাধ্যমে সাহায্য করেছেন। আল্লাহ তায়ালা বলেন,

إِذْ تَسْتَغِيثُونَ رَبَّكُمْ فَاسْتَجَابَ لَكُمْ أَنِّي مُمِدُّكُمْ بِأَلْفٍ مِنَ الْمَلَائِكَةِ مُرْدِفِينَ

স্বরণ কর সেই সংকটময় মুহূর্তের কথা, যখন তোমরা তোমাদের প্রতিপালকের নিকট সাহায্যের আবেদন করেছিলে, আর তিনি সেই আবেদন কবুল করেছিলেন, (আর তিনি বলেছিলেন) আমি তোমাদেরকে হাজার ফেরেশ্তা দ্বারা সাহায্য করবো, যারা ধারাবাহিকভাবে আসবে। (সূরা আনফাল ৯)

অন্য আয়াতে আল্লাহ তাআলা বলেন,

إِذْ يُوحِي رَبُّكَ إِلَى الْمَلَائِكَةِ أَنِّي مَعَكُمْ فَثَبِّتُوا الَّذِينَ آمَنُوا سَأُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ فَاضْرِبُوا فَوْقَ الْأَعْنَاقِ وَاضْرِبُوا مِنْهُمْ كُلَّ بَنَانٍ

(ঐ সময়ের কথা স্বরণ কর) 'যখন তোমার প্রতিপালক ফেরেশত-াদের নির্দেশ করলেন, আমি তোমাদের সাথে আছি , সুতরাং তোমরা ঈমানদারদের সঙ্গে থেকে শক্তি বৃদ্ধি করে তাদের সুপ্রতিষ্ঠিত ও অবিচল রাখো, আর আমি কাফেরদের হৃদয়ে ভীতি সঞ্চার করে দেব, অতএব তোমরা তাদের ঘাড়ে আঘাত হানো, আর আঘাত হানো তাদের অঙ্গুলিসমূহের জোড়ায় জোড়ায়। (সুরা আনফাল ১২)

যুদ্ধের এক পর্যায়ে রাসূল সা. এক মুঠো কংকর নিয়ে শত্রুদের দিকে ছুঁড়ে দিলেন। এই কংকর আল্লাহর আদেশে কুরাইশদের চোখ ভরে গেল। এবং ব্যাকুল বিব্রতকর অবস্থায় কুরাইশরা তখন পলায়ন করল। কুরাইশদের পলায়নের সময় রাসূল সা. আক্রমণ করার নির্দেশ দিলেন।

এ বিষয়ে পরে ওহী নাযিল হয়। আল্লাহ তাআলা বলেন,

فَلَمْ تَقْتُلُوهُمْ وَلَكِنَّ اللَّهَ قَتَلَهُمْ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَكِنَّ اللَّهَ رَمَى وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلَاءً حَسَنًا إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ

'তোমরা তাদের হত্যা করনি, বরং আল্লাহই তাদেরকে হত্যা করেছেন, আর (হে নবী সা.) যখন তুমি (ধুলোবালি) নিক্ষেপ করেছিলে তখন তা মূলতঃ তুমি নিক্ষেপ করনি; বরং আল্লাহই তা নিক্ষেপ করেছিলেন, এবং এটা করা হয়েছিল মু'মিনদেরকে তাঁর পক্ষ থেকে তাদের কষ্টের উত্তম পুরস্কার দান করার জন্যে, নিঃসন্দেহে আল্লাহ সব কিছু শোনেন ও সব কিছু জানেন। (সুরা আনফাল ১৭)

এই যুদ্ধে মহান আল্লাহ তাআলা মুসলমানদের বিজয় দান করলেন এবং হক ও বাতিলের মাঝে পার্থক্য করে দিলেন। বদরের যুদ্ধে কুরাইশদের প্রায় সকল নেতৃবৃন্দ নিহত হয়েছিল। এদের মধ্যে ওতবা, সায়বা, আবু জাহেল, উমাইয়া ইবনে খালফ প্রমুখ নেতৃবৃন্দ ছিল। এই যুদ্ধে কুরাইশদের মোট ৭০ জন নিহত হয় এবং অনুরূপ সংখ্যক বন্দী হয়। অন্য দিকে মুসলমানদের মাত্র ১৪ জন শহীদ হন।

যুদ্ধবন্দীদের মদীনায় নিয়ে আসা হলে রাসূল সা. প্রথমে তাদের ব্যাপারে পারামর্শ চাইলেন যে এদের ব্যাপারে কী করা যায়। হযরত আবু বকর রাযি. বিনীত নিবেদন করলেন, 'এরা সবাই আমাদের আপনাপন গোত্রের লোক। সবাই আত্মীয়-স্বজন। সুতরাং মুক্তিপণের বিনিময়ে এদের ছেড়ে দেওয়া যেতে পারে।' কিন্তু ওমর রাযি. বললেন, 'এরা সবাই ইসলামের শত্রু। সুতরাং এদের ব্যাপারে আত্মীয়-অনাত্মীয় ভেদাভেদের কোন সুযোগ নেই। এদের সবাইকে হত্যা করা উচিত। আমরা প্রত্যেকেই নিজনিজ হাতে নিকটতম আত্মীয়দেরকে কতল করবো। কিন্তু রাসূল সা. আবু বকর রাযি. এর মতামতকে প্রাধান্য দিলেন এবং মুক্তিপণের বিনিময়ে বন্দীদের মুক্তি দেবেন বলে ঘোষনা করলেন। যুদ্ধবন্দীদেরকে সাহাবীদের মধ্যে ভাগ করে দেওয়া হয় এবং তাদের যাতে কোন কষ্ট না হয় সে দিকে লক্ষ রাখার নির্দেশ দেওয়া হয়। সাহবীগণ রাসূল সা. এর নির্দেশে বন্দীদের প্রতি খুবই উদার ব্যবহার করেন। তারা নিজেরা খেজুর খেয়ে দিন কাটিয়ে দেন। অথচ বন্দীদের জন্য নিয়মিত আহার্যের ব্যবস্থা করেছেন। সে যুগে বন্দীদের প্রতি সদ্ব্যবহারের কোন নিয়ম ছিল না বরং দুর্ব্যবহার এবং হত্যাই ছিল বন্দীদের প্রাপ্য। কিন্তু সেই সময়ে রাসূলে খোদা সা. বন্দীদের প্রতি সদাচরণের যে নীতি নির্মাণ করলেন তাঁর উদারতা এবং মানুষের প্রতি মানবিক আচরণ একটি নতুন জীবনবোধের জন্ম দিল।

اللهم صل وسلم علي نبينا محمد وعلي آل محمد

বিয়ের বয়স নিয়ে উল্টো চিন্তা...

বিয়ের বয়স কত হবে এটা নিয়ে ভাবনাগুলো যেন এক রকম। মানে বলা হয়,

'বিয়ের পর সন্তান হলে কী হবে', 'কম বয়সে সন্তানধারণ ভালো না মন্দ হবে' ইত্যাদি। না আমি ঐ দিকে যাবো না, উল্টোভাবে চিন্তা করবো।

ধরুন, একজন পুরুষ বিয়ে করলো ২০ বছর বয়সে, সে বাবা হলো ২২ বছর বয়সে।

আরেকজন পুরুষ বিয়ে করলো ৩৫ বছর বয়সে, সে বাবা হলো ৩৭ বছর বয়সে।

প্রথম পুরুষ যখন বৃদ্ধ হলো মানে বয়স ৬০ হলো, তখন তার বড় সন্তানের বয়স ৩৮ ।

দ্বিতীয় পুরুষ যখন বৃদ্ধ হলো, মানে বয়স ৬০ হলো, তখন তার বড় সন্তানের বয়স মাত্র ২৩ (ছেলেও হতে পারে, মেয়েও হতে পারে) ।

প্রথম পুরুষকে তার বড় সন্তান মোটামুটি কর্মক্ষম অবস্থায় পাবে ৩৮ বছর ।

দ্বিতীয় পুরুষকে তার বড় সন্তান (ছোটরা আরো কম পাবে) মোটামুটি কর্মক্ষম অবস্থায় পাবে ২৩ বছর (অনেক সময় এর মধ্যেও বাবা মারা যায়)।

অর্থাৎ কম বয়সে বিয়ে করলে-

১. একজন সন্তান তার পিতা/মাতাকে সুস্থ/জীবিত অবস্থায় অনেক দিন পায়।
২. বৃদ্ধ বয়সে সন্তানদের বয়স মোটামুটি বেশি থাকে, ফলে বৃদ্ধ বাবা/মার সামাজিক নিরাপত্তা থাকে।
৩. পিতা/মাতা ৫৫-৬০ বছর বয়সে হঠাৎ মারা গেলে সন্তানদের অবস্থা একেবারে সঙ্গীন হয় না।

অপরপক্ষে অধিক বয়সে বিয়ে করলে-

১. একজন সন্তান তার পিতা/মাতাকে সুস্থ/জীবিত অবস্থায় খুব কম সময় পায়।
২. বৃদ্ধ বয়সে সন্তানদের বয়সও কম থাকে, ফলে বৃদ্ধ পিতা-মাতার সামাজিক নিরাপত্তা সঙ্কটাপন্ন হয়।
৩. পিতা/মাতা ৫৫-৬০ বছর বয়সে হঠাৎ মারা গেলে সন্তানদের অবস্থা একেবারে সঙ্গীন হয়ে ওঠে। অনেকের পড়ালেখা শেষ হওয়ার আগেই বাবা মারা গেলে অবস্থা বেগতিক হয়।
৪. অনেক বৃদ্ধ লোকের বয়স হয়ে যায়, কিন্তু সন্তান ছোট দেখে খুব কষ্ট করেও চাকরি চালিয়ে যেতে হয়, যা অত্যন্ত অমানবিক।

আমি আবারও বলছি, সমাজ হচ্ছে একটি চক্র বা সাইকেলের মত। এর একটি অংশ যদি বাধাপ্রাপ্ত হয়, তবে পুরো সিস্টেমটা নষ্ট হয়ে যায়। যারা আজকে অধিক বয়সে বিয়ে করার জন্য প্রচারণা চালাচ্ছে, তারা আসলে চাইছে সমাজের সেই সাইকেলটা ভেঙে দিতে, এতে আলটিমেট ক্ষতিগ্রস্ত হবে অনেকগুলো দিক; সন্তান বঞ্চিত হবে পিতা-মাতার স্নেহ থেকে, বৃদ্ধ বাবা-মা পাবে না সামাজিক নিরাপত্তা।

বর্তমান সমাজে অহরহ পরকিয়া, ডিভোর্স, দাম্পত্য জীবনে অশান্তির মূল কারণ

বর্তমান সমাজে অহরহ পরকিয়া, ডিভোর্স, দাম্পত্য জীবনে অশান্তির মূল কারণ পরিবারের মধ্যে ইসলাম না থাকা। আর যে পরিবারে ইসলাম থাকবে না সে পরিবারে থাকবে না আল্লাহভীতি এবং নিজ কর্মের জবাবদিহিতা। এতে করে শয়তানের পরিকল্পনা অনুযায়ী যাচ্ছেতাই করে যাওয়া যায়। যার দরুন ঘরে বৌ থাকা সত্ত্বেও পর-নারীর দিকে দৃষ্টি নিক্ষেপ কিছু পুরুষের জন্য মামুলি ব্যাপার। এভাবে একটা পর্যায়ে ঐ পুরুষরা নিজ বৌয়ের প্রতি আগ্রহ হারিয়ে ফেলে এবং পরকিয়ায় জড়িয়ে যায়। এরপর পারিবারিক অশান্তি, এমনকি ডিভোর্সের মত ঘটনাও ঘটে। আর এটা ঘটে ঐ পুরুষগুলোর মধ্যে আল্লাহ ভীতি না থাকার কারণে। আল্লাহভীতি তো সেটাই যা স্বামী-স্ত্রীর পরস্পর আল্লাহর জন্য নিজেদের চোখ ও অন্তরকে হেফাজত করে এবং আল্লাহর জন্য একে অপরকে গভীরভাবে ভালোবাসে। যে ভালোবাসা বিয়ের দিন যেমন থাকে, বিয়ের ৩০ বছর পরেও একই রকম থাকে। আর এটা হচ্ছে আল্লাহর পক্ষ থেকে তাদের জন্য রহমত। তারা আল্লাহর জন্য নিজেদের চরিত্র হেফাজত করেছেন বলে আল্লাহ তাদের দুজনের মধ্যে এমন গভীর ভালোবাসা স্থাপন করে দিয়েছেন। ইসলামের বিপরীত স্রোতের মানুষগুলোর জন্য যা শুধু কল্পনা ! আমাদের সমাজে তথাকথিত মা-বাবারা তাদের সন্তানদের বিয়ে দেয়ার সময় তাকওয়া দেখে বিয়ে দিতে চায় না। তারা দেখে ছেলে কত টাকার মালিক, ফ্যামিলি স্ট্যাটাস কেমন, কত গুলো ডিগ্রী আছে ছেলের বাস্কেটে। অথচ, একবারের জন্য ভাবতে চায় না, যে ছেলের কাছে সারা জীবনের জন্য তার মেয়েকে দিচ্ছে, সে ছেলের চরিত্র ঠিক কিনা বা ছেলেটির ব্যক্তিগত জীবনে আল্লাহভীরুতা আছে কিনা! একইভাবে দেখা যায় ছেলেদের ক্ষেত্রে। সুন্দরী বৌয়ের খোঁজে তারা তাকওয়াবান স্ত্রীর কথা ভুলে যায়। একসময় দেখা যায়, সেই সুন্দরী বৌ তাকে ফেলে চলে যায় বা পরকিয়ায় আক্রান্ত হয়, বা তার নিজের রুপের অহংকারে সংসারে সবসময় অশান্তি লেগেই থাকে। অথচ, রাসূল সা. বলেছেন, দুনিয়ার যত সম্পদ আছে, তার মধ্যে উত্তম সম্পদ হচ্ছে একজন নেককার স্ত্রী। আমাদের মা-বাবাদের উচিত তাদের কন্যাদের সু-পাত্রস্থ করতে চাইলে দীনদার, পরহেজগার, তাকওয়াবান যুবকদের সাথে বিয়ে দেয়া। এতে করে কন্যাও সুখী হবে এবং সমাজেও পরকিয়া, ডিভোর্সের মত ঘটনা অনেকাংশে কমে যাবে। এই ব্যাপারে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশনা হল :- 'যার দীনদারী ও আখলাক-চরিত্রে তোমরা সন্তুষ্ট, এমন কেউ প্রস্তাব দিলে তার সাথে তোমরা বিবাহ সম্পন্ন কর। তা না করলে পৃথিবীতে ফিৎনা দেখা দেবে ও ব্যাপক ফ্যাসাদ ছড়িয়ে পড়বে।' (তিরমিযী, হাদীস: ১০৮৪) আল্লাহ আমাদের বুঝার তৌফিক দান করুন। আমীন।

পর্দার প্রতি আমার ভালোবাসা কিভাবে জন্মাল

-ইউভন রেডলি

তালেবানদের হাতে ধরা পড়ার আগ পর্যন্ত আমার কাছে পর্দানশীল নারীদের সাধাসিদে ও পুরুষদের দ্বারা নিপীড়িত 'প্রাণী' মনে হত। ২০০১ সালের সেপ্টেম্বরে, যুক্তরাষ্ট্রে সন্ত্রাসী হামলার মাত্র ১৫ দিন পরেই আমি আফগানিস্তানে গোপনে ঢুকে পড়ি পুরুষ শাসিত এই সমাজে নারীর অবস্থান এবং জীবনযাত্রা আবিষ্কার করতে। আফগানিস্তানে আমি আপাদমস্তক একটি কালো বোরখা পরে থাকতাম, তবুও তালেবানরা কিভাবে যেন আমার আসল পরিচয় বুঝতে পেরে আমাকে ধরে নিয়ে দশদিন আটকে রাখল। আটক থাকা অবস্থায় তাদের আমি যথেষ্ট পরিমাণে গালাগালি করেছি এবং বাক-বিতণ্ডায় জড়িয়েছি। অবশেষে তারা আমাকে একটা 'খারাপ' মহিলা হিসাবে অভিহিত করলেও আমাকে মুক্ত করে দেয়। শর্ত ছিল একটাই- কুরআন পড়তে হবে এবং ইসলাম সম্পর্কে জানার চেষ্টা করতে হবে। (সত্যি বলতে আমি নিশ্চিত না যে, আমার মুক্তিতে কারা বেশি খুশি! ওরা নাকি আমি!)

লন্ডনে ফিরে আসার পরে আমি আমার কথা রাখলাম- কুরআন পড়া শুরু করে দিলাম। কুরআন পড়ে আমি যা আবিস্কার করলাম তাতে বিস্মিত হওয়া ছাড়া আর কোন উপায় আমার ছিল না। আমি ধারণা করতাম যে, কুরআনের অধ্যায়গুলোতে নারীদের নির্যাতন এবং কন্যা সন্তানদের ওপর নিপীড়ন করার নির্দেশনা দেয়া থাকবে। এর কিছুইতো ছিলনা; বরং আমি আবিস্কার করলাম যে, এই গ্রন্থে নারীদের মুক্তির ওপর বেশি জোর দেওয়া হয়েছে। তালেবানদের হাতে ধরা পড়ার দুই বছর পরে আমি ধর্মান্তরিত হয়ে ইসলাম ধর্ম গ্রহণ করি। এতে করে আমার বন্ধু এবং আত্মীয়দের মধ্যে বিস্ময় এবং হতাশার একটা মিশ্র প্রতিক্রিয়া দেখতে পেলাম। কেউ কেউ অবশ্য সাহসও যুগিয়েছিল।

এরপর ব্রিটেনের পূর্ববর্তী ফরেইন সেক্রেটারি যখন নিকাবকে এক টুকরা কাপড় যা পড়লে শুধু চোখ দেখা যায় এবং বিভিন্ন জাতির একসাথে থাকার ক্ষেত্রে একটা প্রতিবন্ধকতা' হিসাবে বিশ্লেষণ করলেন তখন লোকটার প্রতি বেশ অশ্রদ্ধা জন্মেছিল। তবে সবচেয়ে ভয়ঙ্কর ব্যাপার ছিল যে, প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার, লেখক সালমান রুশদি এবং ইতালির প্রধানমন্ত্রী রোমানো প্রদিও এই বক্তব্যকে সমর্থন করেছিলেন।

হিজাবের ভিতরে ও বাইরে দুই দিক থেকেই পৃথিবীকে দেখার সৌভাগ্য এবং অভিজ্ঞতা আমার হয়েছে। সেই অভিজ্ঞতা থেকে আমি যতটুকু বলতে পারি তা হল- যেসব পশ্চিমা রাজনীতিবিদরা পুরুষ শাসিত ইসলামিক সমাজ নিয়ে মন্তব্য করেন তাদের ইসলাম সম্পর্কে বিন্দুমাত্র ধারণা নেই। তারা পর্দা, বাল্য বিবাহ, নারীদের খৎনা, পরিবারের মান-সম্মান রক্ষার্থে নারী হত্যা, জোরপূর্বক বিয়ের ব্যাপারে ভুলভাবে ইসলামকে দোষারোপ করেন। আমার মনে হয় জ্ঞানহীনতার কারণেই তাদের দাম্ভিকতা এতদূর গিয়েছে। এগুলো শুধুই সাংস্কৃতিক প্রথা এবং এর সাথে ইসলামের কোন সম্পর্কই নেই। কুরআন খুব যত্ন সহকারে পড়লে দেখা যাবে যে

পশ্চিমা নারীবাদীরা ১৭০০ সালে যে সকল অধিকারের জন্য আন্দোলন করেছিল, মুসলিম নারীদের সেসব অধিকার ১৪০০ বছর আগেই দিয়ে দেওয়া হয়েছে। ইসলামে আধ্যাত্মিকতা, শিক্ষা-দীক্ষার, গুরুত্ব এবং যোগ্যতার দিক দিয়ে নারী আর পুরুষকে সমান পাল্লায় রাখা হয়েছে। সন্তান জন্ম দেওয়া এবং বড় করে তোলাকে ইসলামে নারীর একটি সন্দেহাতীত গুণ হিসাবে তুলে ধরা হয়েছে।

ইসলাম যখন একটা নারীকে এতকিছু দেয় তখন শুধু শুধু কেন পশ্চিমা পুরুষরা ইসলামে নারীদের পোশাক নিয়ে কথা তোলে? নিকাবকে অবজ্ঞা করে বক্তব্য শুধু সরকারের মুখপাত্রদের কাছ থেকেই আসেনি, এসেছে অন্যান্য মন্ত্রীদের কাছ থেকেও। গরডন ব্রাউন (পরবর্তীতে যিনি ব্রিটেনের প্রধানমন্ত্রী হয়েছিলেন) এবং জন রেইডও নিকাব নিয়ে বাজে মন্তব্য করেছেন এবং তাদের বক্তব্যকে স্কটল্যান্ডের মুখপাত্ররা প্রীতি সম্ভাষণও জানিয়েছেন।

ইসলাম ধর্মে ধর্মান্তরিত হওয়া এবং মাথায় স্কার্ফ পরার ফলাফল আমার জন্য ছিল সাংঘাতিক! আমি শুধু আমার চুলগুলোই ঢেকেছিলাম- এই চুল ঢাকার ফলে সাথে সাথেই আমি ব্রিটেনের দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়ে গেলাম। আমি জানতাম যে ইসলাম বিরোধীদের কাছ থেকে দুয়েকটা কটু কথা আমার শুনতে হবে, কিন্তু রাস্তা ঘাটে অপরিচিত লোকদের কাছ থেকে যে ধরনের বিরোধিতা আমি পেয়েছি তা আমার জন্মভূমিতে আমার জন্য ছিল নিতান্তই দুঃখজনক। চাকরী শেষে বাড়ি ফিরতে দেরি হয়ে গেলে হাত নেড়ে অনেক ক্যাব ডেকেছি কিন্তু কেউই থামেনি। অথচ তাদের “For Hire” লাইটটি জ্বলজ্বল করত। একদিন এক ক্যাব ড্রাইভার আমার সামনেই একজন যাত্রীকে নামিয়ে দিল, আমি তার জানালায় নক করলাম কথা বলার জন্য। সে আমার দিকে একটি তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে চলে গেল, আমার সাথে কথা বলারও প্রয়োজনবোধ করল না। ভদ্রতার শীর্ষে থাকা ব্রিটিশ জাতির কাছ থেকে এ ধরনের ব্যবহার কোনভাবেই গ্রহণযোগ্য না। আরেকদিন আরেকজন তো বলেই বসলো যে, ‘আমার গাড়ীতে দয়া করে কোন বোমা রেখে যাবেন না’ সেই ড্রাইভার আমাকে এটাও জিজ্ঞেস করেছিল ‘ওসামা কোথায় লুকিয়ে আছে?’

শালীনভাবে পোশাক পরা একজন মুসলিমার দায়িত্ব বটে। তবে আমার চেনা-জানা বেশিরভাগ মুসলিমা হিজাব পরতে ‘পছন্দ’ করে, যা মুখমণ্ডলকে অনাবৃত অবস্থায় রেখে দেয়। কিছুসংখ্যক আবার নিকাব পরতেই পছন্দ করে। একটি ব্যক্তিগত উক্তি আমি পড়েছিলাম, তা হল, ‘আমার পোশাক যদি নির্দেশ করে যে আমি একজন মুসলিম তাহলে আপনার উচিৎ আমাকে আমার প্রাপ্য সম্মান দেওয়া।’ ওয়াল স্ট্রীটের একজন ব্যাংকারের পোশাক যেমন বলে দেয় যে পোশাক পরিহিত ব্যক্তি একজন গুরুত্বপূর্ণ লোক তেমনি আমিও মনে করি মানুষ হিসাবে সম্মান প্রাপ্তির অধিকার সেই ব্যাংকারের চেয়ে আমার কোন অংশে কম না। আমার মতন যারা সদ্য ধর্মান্তরিত, তাদের কাছে অন্যদের আড়চোখের দৃষ্টি কেমন লাগে সেটা শুধু তারাই জানে।

ইসলাম আমার সম্মান নিশ্চিত করেছে। ইসলাম বলে যে, আমার শিক্ষাগ্রহণ করার অধিকার রয়েছে। ইসলাম এটাও বলে যে জ্ঞান অর্জন করা আমার কর্তব্য। ইসলামের কাঠামোর কোন জায়গাতেই বলা নেই যে একজন মহিলার ধোয়া-মোছা, রান্না-বান্নার কাজ করতে হবে। স্ত্রীর উপর নির্যাতনের ক্ষেত্রেও একই অবস্থা। নিন্দুকদের দেখবেন এলোমেলোভাবে কুরআনের আয়াত

উল্লেখ করে ইসলামকে অপমান করতে চাচ্ছে। কিন্তু তারা ঐ অনুচ্ছেদের প্রসঙ্গ ছাড়াই আয়াতগুলো বিচ্ছিন্নভাবে তুলে ধরে। একজন পুরুষ যদি তার স্ত্রীর দেহে হাত তোলেও, কিন্তু সেই আঘাতের যেন ব্যথা না হয় তাও বলা আছে মেরো না' কথাটা কুরআন এভাবেই বলেছে।

আপনারা যদি বলেন যে, মুসলিম পুরুষদের নারীদের প্রতি আচরণের রীতি-নীতিগুলো আরেকবার খতিয়ে দেখা উচিৎ তাহলে আমি বলব- শুধু মুসলিম না, সুসভ্য আমেরিকানদেরও নারীদের প্রতি আচরণের ব্যাপারে একটু চিন্তা করা উচিৎ। জাতীয় গৃহ নির্যাতন হটলাইনের (National Domestic Violence Hotline) জরিপে দেখা গেছে যে, গড়ে সম্পর্ক শুরু হবার ১২ মাসের মধ্যে অ্যামেরিকান মহিলারা তাদের পুরুষ সঙ্গীদের দ্বারা মারাত্মক নির্যাতনের শিকার হন। গড়ে প্রতিদিন তিনজনেরও বেশি মহিলা তাদের বয়ফ্রেণ্ড/স্বামীর নির্যাতনে মারা যান। ৯/১১ হামলার দিন থেকে হিসাব করলে বয়ফ্রেণ্ড/ স্বামীর নির্যাতনে মারা যাওয়া নারীর সংখ্যা হবে ৫,৫০০।

উগ্র পুরুষরা যে শুধু মুসলিমই হবে এমন কোন কথা নেই। হটলাইন জরিপে দেখা যায় যে, পৃথিবীতে প্রতি তিনজন মহিলার ভেতরে একজন তার পুরুষসঙ্গীর হাতে মার খেয়েছে, যৌনসহবাস করতে বাধ্য হয়েছে অথবা, অন্যকোনভাবে অপব্যাবহারিত হয়েছে। এখান থেকেই দেখা যায় যে, নারী নির্যাতন একটি বৈশ্বিক সমস্যা। এই সমস্যা কোন ধর্ম, গোত্র, জাতি অথবা সংস্কৃতির ভেতর সীমাবদ্ধ নয়।

এটাও সত্যি যে, পশ্চিমা মহিলারা যতই বিদ্রোহ করুক না কেন, পশ্চিমা পুরুষরা এখনো নিজেদেরকে মহিলাদের চেয়ে উচ্চতর পর্যায়ের সৃষ্টি মনে করে। কামলা খাটার ক্ষেত্রে অথবা বড় বড় মিটিং এর ক্ষেত্রে- যেখানেই মহিলা থাকুক না কেন তাদেরকে সবসময়ই পুরুষদের থেকে কম টাকা দেওয়া হয় এবং মিডিয়াতে মহিলাদের একধরণের পণ্যদ্রব্য হিসাবে ব্যবহার করা হয়।

যারা এখনও দাবি করতে চাচ্ছেন যে, ইসলাম আসলেই মহিলাদের ওপর নিপীড়নকারী একটা ধর্ম তারা দয়া করে ১৯৯২ সালে দেওয়া প্যাট রবার্টসনের একটা বক্তব্য মনে করে দেখুন! এই বক্তব্যে তিনি নারীবাদকে সংজ্ঞায়িত করেছিলেন এভাবে, 'নারীবাদ হচ্ছে সমাজতান্ত্রিক এবং পরিবার-বিরোধী রাজনৈতিক আন্দোলন যা মহিলাদের স্বামীকে তালাক দেওয়া, সন্তান হত্যা, পুঁজিবাদ ধ্বংস করা এবং সমকামী হতে শেখায়'

এখন আপনারাই আমাকে বলুন! কারা বেশি সভ্য ও প্রগতিশীল ?

-ইউভন রেডলি, ইসলামি চ্যানেল টিভি, লন্ডনের একজন রাজনৈতিক সম্পাদক এবং "In The Hands of the Taliban: Her Extraordinary Stor" এর সহ লেখিকা। মূল লেখা ২২শে অক্টোবর ২০০৬ সালে দ্য ওয়াশিংটন পোস্টে প্রকাশিত হয়েছিল -http://www.washington-post.com/wp-

কেউ কেউ বলেন, নফসের জিহাদ বড় জিহাদ। এ বিষয়ে তারা একটি হাদীসও বর্ণনা করে থাকেন। একদল লোক জিহাদ থেকে ফিরে আসলে নাকি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের উদ্দেশ্যে বলেছিলেন,

قدمتم خير مقدم قدمتم من الجهاد الأصغر إلى الجهاد الأكبر مجاهدة العبد هواه

‘তোমরা খুব উত্তম স্থানেই ফিরে এসেছো। তোমরা ছোট জিহাদ থেকে বড় জিহাদের দিকে ফিরে এসেছো। আর তা হলো অন্তরের সাথে জিহাদ করা। -দাইলামী, কানযুল উম্মাল, জামউল জাওয়ামি

এই হাদীসের কোনো কোনো রেওয়ায়েতে আছে,

رجعنا من الجهاد الأصغر إلى الجهاد الأكبر

‘আমরা ছোট জিহাদ থেকে বড় জিহাদের দিকে ফিরে এসেছি।’
ইমাম ইবনে তাইমিয়া রহ. এই হাদীসটি উল্লেখ করে বলেন,

فَلَا أَصْلَ لَهُ وَلَمْ يَرْوِهِ أَحَدٌ مِنْ أَهْلِ الْمَعْرِفَةِ بِأَقْوَالِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَفْعَالِهِ وَجِهَادُ الْكُفَّارِ مِنْ أَعْظَمِ الْأَعْمَالِ ؛ بَلْ هُوَ أَفْضَلُ مَا تَطَوَّعَ بِهِ الْإِنْسَانُ

‘এই হাদীসটির কোনো ভিত্তি নেই। আল্লাহর রাসূলের কথা ও কাজ সম্পর্কে জ্ঞান রাখেন এমন কেউই এটি সর্বোত্তম বর্ণনা করেন নি। আর কাফিরদের সাথে জিহাদ করা সর্বোত্তম আমলসমূহের মধ্যে অন্তর্ভুক্ত। বরং এটি আল্লাহর ইবাদতসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ। -মাজমুউল ফাতাওয়া
তবে সহীহ হাদীসে আছে-

المجَاهِدُ مَنْ جَاهَدَ نَفْسَهُ

‘মুজাহিদ সেই যে তাঁর নফসের সাথে জিহাদ করে।’ **-সুনান তিরমিযি**
অন্য রেওয়ায়েতে এসেছে,

وأفضل الجهاد من جاهد نفسه في ذات الله عز وجل

‘সর্বোত্তম জিহাদ হলো আল্লাহর বিধানের ব্যাপারে অন্তরের সাথে জিহাদ করা।’ -জামউল জাওয়ামি, কানযুল উম্মাল
এই সহীহ হাদীস দুটির সাথে উল্লিখিত হাদীস দুটির পার্থক্য হলো- এখানে সরাসরি অন্তরের জিহাদকে কাফিরদের বিরুদ্ধে জিহাদের তুলনায় বড় জিহাদ হিসাবে উল্লেখ করা হয়নি। শুধু বলা হয়েছে- অন্তরের জিহাদ সর্বত্তোম জিহাদ।
এখন প্রশ্ন হলো, অন্তরের জিহাদ বলতে আমরা কী বুঝবো? আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে মন যা অপছন্দ করে মনের অপছন্দ সত্ত্বেও সেটা আদায় করাই কি অন্তরের জিহাদ নয়? যদি তাই হয় তবে আল্লাহ নিজে সাক্ষ্য দিয়ে বলেন,

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ

‘তোমাদের উপর কিতাল ফরজ করা হয়েছে যদিও তা তোমাদের নিকট অপছন্দনীয়।’ -সূরা বাকারা: ২১৬
অন্য কোনো আমলের ব্যাপারে আল্লাহ একথা বলেননি। সুতরাং যত উত্তম কাজ আছে তার মধ্যে কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করা মানুষের নিকট সর্বাপেক্ষা বেশি অপছন্দনীয়; তাই যারা শত্রুর বিরুদ্ধে জিহাদ করছেন তারাই অন্তরের সাথে সর্বাপেক্ষা বেশি জিহাদ করছেন।

আপনার জিজ্ঞাসা

আমাদের জবাব

উত্তরঃ
জিহাদ দুই প্রকার- ১. আক্রমণাত্মক জিহাদ ২. প্রতিরক্ষামূলক জিহাদ। নিঃসন্দেহে ইসলাম প্রচার এবং দলেদলে মানুষ ইসলামে প্রবেশের ক্ষেত্রে আক্রমণাত্মক জিহাদের বড় প্রভাব রয়েছে। কেননা আক্রমণাত্মক জিহাদই মানুষের ঐ সকল প্রতিবন্ধকতা দূর করে যা মানুষকে ইসলামের সৌন্দর্য অবলোকন করতে এবং ইসলাম নিয়ে ভাবতে বাধা প্রদান করে। আর ইসলামের শত্রুদের অন্তর সর্বদাই আক্রমণাত্মক জিহাদের ভয়ে ভীত-সন্ত্রস্ত থাকে।

একটি ইংরেজী ইসলামিক প্রত্রিকার এক রিপোর্টে বলা হয়েছে, একটি ভয় সর্বদাই পশ্চিমাবিশ্বকে তাড়িয়ে বেড়ায়। তা হল, ইসলাম শুধুমাত্র একটি ধর্মের নাম নয়; বরং এর একটি গুরুত্বপূর্ণ রোকন হচ্ছে জিহাদ। এই জিহাদের কারণেই ইসলাম দিনদিন বিস্তার লাভ করছে। রবার্ট বেন বলেন, ইসলাম পূর্বে একবার সারা দুনিয়ার সাথে যুদ্ধ করেছে এবং দ্বিতীয় বার আবারও সারা দুনিয়ার সাথে যুদ্ধ করবে। একদিকে প্রাচ্যবিদদের কেউ কেউ ইসলামের প্রতি অপবাদের সুরে বলে, 'আরে ইসলাম তো তরবারীর জোরে প্রসারিত হয়েছে।'

অন্য দিকে টমাস আর্নোলড একজন প্রাচ্যবিদ। তিনি মুসলমানদের অন্তর থেকে জিহাদী প্রেরণা শক্তিকে বিলুপ্ত করার জন্য 'আদ দাওয়াত ইলাল ইসলাম' এই বইটি লিখেন। এই বইয়ে ইসলামের প্রতি তার নিজস্ব মনগড়া একটি দাবি পেশ করে বলেন, 'ইসলাম হল শান্তির ধর্ম। সুতরাং ইসলাম প্রচারের ক্ষেত্রে তরবারীর কোন ভূমিকা নেই। বরং ইসলাম তো প্রসারিত হয়েছে শান্তিপূর্ণ দাওয়াতের মাধ্যমে'। এদিকে মুসলমানরাও তাদের পাতানো ফাঁদে ফেঁসে গেছে। সুতরাং তারা যখন প্রাচ্যবিদদের বলতে শোনে, ইসলাম তো তরবারীর মাধ্যমে প্রচার হয়েছে। তখন তারা বলে, তোমাদের এধরণের দাবি ঠিক না। এ দাবি মিথ্যা। কারণ তোমাদের দাবি তোমাদের কথা দ্বারাই মিথ্যা প্রমাণিত হয়। তোমরা কি দেখছো না টমাস কী বলে? সে তো এমন এমন বলে।

পরাজয়ের মানসিকতাসম্পন্ন কিছু লোকের আত্মপ্রকাশ ঘটল যারা ইসলামকে সব ধরণের অপবাদ থেকে দূরে রাখতে চায়। সুতরাং তারা ইসলামকে এ অপবাদটি থেকেও মুক্ত করতে চাইল। তাই তারা ইসলাম প্রচারের ক্ষেত্রে তরবারীর ভূমিকাকে একেবারে অস্বীকার করে বসল। এবং তারা বলতে লাগল, 'ইসলামে আক্রমণাত্মক জিহাদ বলতে কিছু নেই; বরং ইসলাম শুধুমাত্র প্রতিরক্ষামূলক জিহাদের অনুমতি দেয়। আসলে ইসলামে এ ধরনের হাস্যকর, মনগড়া, ভ্রান্ত কথার কোন ভিত্তি নেই। তাদের এধরনের কথা কুরআনের খেলাফ হাদিসের খেলাফ। সালফে সালেহীনদের ইজমার খেলাফ এবং কিয়াসের খেলাফ। শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন, দীন একমাত্র আল্লাহ তাআলার জন্যই। তাই আল্লাহর কালিমাই উঁচু থাকবে।' আর কালিমা শব্দটি আম (তথা ব্যাপক) এর মাধ্যমে পুরো কুরআনই উদ্দেশ্য। মহান আল্লাহ তাআলা বলেন,

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ

'আমি আমার রাসূলগণকে সুস্পষ্ট নিদর্শনসহ প্রেরণ করেছি এবং তাঁদের সাথে অবতীর্ণ করেছি কিতাব ও ন্যায়নীতি, যাতে মানুষ ইনসাফ প্রতিষ্ঠা করে।' (সুরা হাদীদ: আয়াত-২৫)

সুতরাং রাসূলগণের প্রেরণ এবং কিতাব নাজিলের উদ্দেশ্য হল- যাতে করে মানুষ হুকুকুল্লাহ এবং হুকুকুল ইবাদগুলো ইনসাফের সাথে আদায় করে। আল্লাহ তাআলা বলেন,

وَأَنْزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ مَنْ يَنْصُرُهُ وَرُسُلَهُ بِالْغَيْبِ إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ

'আর আমি নাজিল করেছি লৌহ, যাতে রয়েছে প্রচন্ড রণশক্তি এবং মানুষের বহুবিধ উপকার। এটা এজন্য যে, আল্লাহ প্রকাশ করে দিবেন যে, কে না দেখে তাকে এবং তাঁর রাসূলগণকে সাহায্য করে। আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী।' (সুরা হাদীদ আয়াত ২৫)

সুতরাং যে ব্যক্তি কিতাব থেকে বিমুখ হবে, তাকে হাদীদ তথা লোহার মাধ্যমে ঠিক করা হবে। একারণেই তো এই দীন টিকে থাকার ভিত্তি হচ্ছে কুরআন এবং তরবারী।

হাদীস শরীফে এসেছে, জাবের ইবনে আব্দুল্লাহ রাযি. থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সা. আমাদের আদেশ করেছেন,

امرنا رسول الله صلى الله عليه وسلم أن نضرب بهذا يعني السيف من عدل عن هذا يعني المصحف .

'যাতে করে আমরা ঐ ব্যক্তিকে এটা তথা-তরবারীর মাধ্যমে আঘাত করি যে এটা-তথা কুরআন থেকে বিমুখ থাকে।'

ইবনে কাইয়ুম রহ. বলেন, আল্লাহ তাআলা রাসূল সা. কে কিয়ামতের পূর্বে একটি পথ প্রদর্শনকারী কিতাব এবং সাহায্যকারী তরবারী দিয়ে প্রেরণ করেছেন, যাতে করে এক আল্লাহর ইবাদত করা হয়।

সুতরাং আল্লাহ তাআলা দীনকে প্রতিষ্ঠিত করেছেন সুস্পষ্ট প্রমাণ (তথা কুরআন) এবং সাহায্যকারী তরবারীর মাধ্যমে, যাতে করে তাঁর সাথে কাউকে শরীক না করে একমাত্র তাঁরই ইবাদত করা হয়। তাছাড়া আল্লাহ তাআলা রাসূল সা. এর রিজিক রেখেছেন তরবারীর নিচে।

ইসলাম প্রচারের ক্ষেত্রে তরবারীর ভূমিকা সবচেয়ে বেশি। আসুন দলিল দ্বারা তা বুঝে নিই। আল্লাহ তাআলা বলেন,

الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ إِلَّا أَنْ يَقُولُوا رَبُّنَا اللَّهُ وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنْصُرَنَّ اللَّهُ مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ

'যাদেরকে তাদের ঘর-বাড়ী থেকে অন্যায়ভাবে বহিস্কার করা হয়েছে শুধু এই অপরাধে যে. তারা বলে আমাদের পালনকর্তা আল্লাহ। আল্লাহ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খ্রিষ্টানদের) র্নিজন গির্জা. এবাদত খানা, (ইহুদী-দের) উপাসনালয়ও বিধ্বস্ত হয়ে যেত। (যখন তারা সত্যের উপর ছিল।) এবং মসজিদসমূহ-বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহর নাম অধিক পরিমাণে স্বরণ করা হয়। আল্লাহ নিশ্চয়ই তাদেরকে সাহায্য করবেন, যারা আল্লাহর সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশা-লী, শক্তিধর।' (সুরা হজ্ব: আয়াত : ৪০)

অন্য আয়াতে আল্লাহ তাআলা বলেন,

فَهَزَمُوهُمْ بِإِذْنِ اللَّهِ وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ وَآتَاهُ اللَّهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاءُ وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ

'তারপর ঈমানদাররা আল্লাহ্‌র হুকুমে জালুতের বাহিনীকে পরাজিত করে দিল এবং দাউদ জালূতকে হত্যা করল। আর আল্লাহ্ দাউদকে দান করলেন রাজ্য ও অভিজ্ঞতা। আর তাকে যা চাইলেন শিখালেন। আল্লাহ্ যদি একজনকে অপরজনের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে গোটা দুনিয়া বিধ্বস্ত হয়ে যেতো। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ্ একান্তই দয়ালু, করুণাম।' -(সুরা বাকারা আয়াত: ২৫১)

অন্য আয়াতে আল্লাহ তাআলা কাফেরদের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুতি গ্রহণ করার নিদের্শ দিয়ে বলেন,

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَمُونَ

'আর প্রস্তুত কর তাদের সাথে যুদ্ধের জন্য যা-ই কিছু সংগ্রহ করতে পার নিজের শক্তি সামর্থ্যের মধ্যে থেকে এবং পালিত ঘোড়া থেকে, যেন প্রভাব পড়ে আল্লাহর শত্রুদের উপর এবং তোমাদের শত্রুদের উপর আর তাদেরকে ছাড়া অন্যান্যদের উপরও যাদেরকে তোমরা জান না; আল্লাহ তাদেরকে চেনেন। বস্তুতঃ যা কিছু তোমরা ব্যয় করবে আল্লাহর রাহে, তা তোমরা পরিপূর্ণভাবে ফিরে পাবে এবং তোমাদের কোন হক অপূর্ণ থাকবে না।' (সুরা আনফাল আয়াত: ৬০)

সুতরাং ইসলাম যদি শুধু মাত্র শান্তিপূর্ণ দাওয়াতের মাধ্যমেই প্রচারিত হত; তাহলে কাফেররা কী দেখে ভয় পাবে। তারা কি শুধু মাত্র মুখ থেকে বের হওয়া কিছু কথাকে ভয় পাবে? রাসূলুল্লাহ সা. বলেন,

نصرت بالرعب مسيرة شهر

'শত্রুরা আমাকে দেখে ভয় পায় যদিও আমি একমাসের দূরত্বে থাকি। কাফেররা কি শুধু এরকম কথা থেকেই ভয় পাবে, তাদেরকে বলা হবে- তোমরা ইসলাম গ্রহণ কর। আর যদি না কর তাহলে তোমরা স্বাধীন! তোমরা যা ইচ্ছা তাই কর। নাকি তারা ভয় পাবে জিহাদকে এবং লাঞ্ছিত হয়ে জিযিয়া প্রদানকে। হ্যাঁ, এই লাঞ্ছনাই তাদেরকে ইসলাম গ্রহণ করতে উদ্বুদ্ধ করবে। রাসূল সা. তরবারী সাথে নিয়ে মানুষকে ইসলামের দাওয়াত দিতেন। এবং তিনি তার সেনাপতিদের এ আদেশ দিতেন, যাতে করে মুসলমানদের এ আচরণ দেখে (অর্থাৎ তারা শক্তি থাকা সত্ত্বেও তাদেরকে দাওয়াত দিচ্ছে) তাদের থেকে অবাধ্যতার পর্দা সরে যায়।

সাহল ইবনে সাদ রা. থেকে বর্ণিত তিনি বলেন, খায়বারের যুদ্ধের দিন রাসূল সা. বললেন, আগামী কাল এমন একজনের হাতে (যুদ্ধের) ঝান্ডা তুলে দিব যার হাতে এ দুর্গের বিজয় হবে। সে আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসে আর আল্লাহ এবং তাঁর রাসূলও তাকে ভালবাসে। সকলে এটা ভেবে ভেবে রাত কাটাল যে, না জানি কার হাতে এটা তুলে দেওয়া হয়। আর প্রত্যেকেই কামনা করছিল যে, এটা যেন তাকে দেওয়া হয়। পর দিন সকালে তিনি বললেন, আলী কোথায়? তাঁকে বলা হল, সে চোখের ব্যথায় আক্রান্ত। তখন তিনি তাঁর থুথু মুবারক তার দুচোখে লাগিয়ে দিলেন এবং তার জন্য দোআ করলেন। ফলে তিনি এমনভাবে সুস্থ হলেন যেন তার চোখে কোন ব্যথাই ছিল না। অতঃপর তার হতে ঝান্ডা তুলে দিলেন এবং বললেন, তারা আমাদের মতো হওয়া (অর্থাৎ ঈমান আনা) পর্যন্ত তাদের সাথে যুদ্ধ করবে। তুমি তাদের আঙ্গিনায় কিছুক্ষণ অপেক্ষা করে তাদেরকে ইসলামের দাওয়াত দাও এবং তাদের করণীয় সম্পর্কে তাদের জানিয়ে দাও। আল্লাহর কসম! তোমার মাধ্যমে যদি একজন লোকও হেদায়াত প্রাপ্ত হয় তাহলে এটা তোমার জন্য লাল উট থেকেও অধিক উত্তম।

অন্য হাদীসে এসেছে, বুরাইদা রাযি. থেকে বর্ণিত তিনি বলেন, রাসূল সা. যখন কাউকে কোন সৈন্য দলের আমীর নির্ধারণ করতেন তখন তাকে বিশেষ করে আল্লাহকে ভয় করা এবং তার সাথীদের সহযে-াদ্ধাদের সাথে ভাল ব্যবহার করার নির্দেশ দিতেন। অতঃপর বলতেন, তোমরা আল্লাহর নামে আল্লাহর রাস্তায় যুদ্ধ কর। কাফেরদের সাথে যুদ্ধ কর। তোমরা যুদ্ধ করবে। গনিমতের মাল চুরি করবে না। প্রতারণা করবে না। হত্যার পর অঙ্গচ্ছেদন করবে না। শিশুদের হত্যা করবে না। তুমি যখন মুশরিক শত্রুর মুখোমুখি হবে তখন তাদের তিনটি বিষয়ের দিকে আহ্বান করবে। তারা যেটা বেছে নিবে তাদের থেকে সেটা গ্রহণ করবে। এবং অন্যটি থেকে বিরত থাকবে। তাদেরকে ইসলামের দিকে ডাকবে তারা যদি গ্রহণ করে তাহলে তাদের থেকে তা গ্রহণ করবে এবং তাদের থেকে বিরত থাকবে। তারা যদি ইসলাম গ্রহণ করা থেকে বিরত থাকে তাহলে তাদের কাছে জিযিয়া চাও। যদি তারা সম্মত হয় তাহলে তাদের থেকে তা গ্রহণ করবে এবং তাদের সাথে যুদ্ধ করা থেকে বিরত থাকবে। যদি তারা অস্বীকার করে তাহলে আল্লাহর সাহায্য চেয়ে তাদের সাথে যুদ্ধ শুরু করে দাও।

হ্যাঁ, রাসূলুল্লাহ সা. তাঁর উমারাদের আদেশ করেছেন, তারা যেন তরবারী উচুঁ করে ধরে কাফেরদের ইসলামের দিকে ডাকে। সুতরাং তারা যদি ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানায় তাহলে তারা লাঞ্ছিত হয়ে জিযিয়া প্রদান করবে। এতেও যদি তারা অস্বীকৃতি জানায় তাহলে তরবারী ব্যতীত আর কোন পথ নেই। অর্থাৎ তাদের সাথে যুদ্ধ কর। রাসূল সা. এর ভাষায়-

هم أبوا استعن بالله وقاتلهم

'যদি তারা অস্বীকৃতি জানায় (ইসলাম গ্রহণ করতে অথবা, জিযয়া দিতে) তাহলে আল্লাহর সাহায্য চেয়ে তাদের সাথে যুদ্ধ কর।'

এবং রাসূল সা. বলেন, 'আমাকে কিয়ামতের পূর্বে তরবারী দিয়ে প্রেরণ করা হয়েছে। যাতে করে একমাত্র আল্লাহর ইবাদাত-ই করা হয়। তাঁর কোন শরীক নেই। এবং আমার রিজিক আমার তরবারীর নিচে রাখা হয়েছে এবং যারা আমার আদেশ অমান্য করবে তাদেরকে লাঞ্ছিত ও অপদস্থ করা হবে। আর যে ব্যক্তি যে কওমের সাথে সাদৃশ্য রাখল সে তাদের অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।'

শক্তি ও তরবারীই ইসলাম প্রচারের সবচেয়ে কার্যকরি এবং গুরুত্বপূর্ণ মাধ্যম। একারণে কিন্তু ইসলাম কলুষিত হয় না; বরং এর মাধ্যমেই ইসলামের অসাধারণত্ব, বিশেষত্ব এবং সৌন্দর্যতা ফুটে ওঠে। এর কারণে মানুষ দুনিয়া ও আখেরাতের ক্ষতি ছেড়ে দুনিয়া ও আখেরাতের কল্যাণ গ্রহণ করতে বাধ্য হয়। বেশির ভাগ মানুষই তো বোকা ও নির্বোধ এবং ইসলাম সম্পর্কে অজ্ঞ। এখন তাদেরকে যদি আপন অবস্থায় ছেড়ে দেওয়া হয় তাহলে তারা প্রবৃত্তির তাড়নায় হক থেকে দূরে থাকবে এবং দুনিয়া ও আখেরাতের কল্যাণ থেকে বঞ্চিত হবে। সুতরাং এ সকল মানুষকে হক ও কল্যাণের দিকে নিয়ে আসার জন্যই আল্লাহ তাআলা জিহাদের বিধান দিয়েছেন। এতে কোন সন্দেহ নেই যে, বোকা ও নির্বোধকে ক্ষতি থেকে রক্ষা করা, কল্যাণের দিকে নিয়ে যাওয়াই হচ্ছে হিকমত বা তাৎপর্যপূর্ণ কাজ।
হযরত আবু হুরায়রা রাযি. থেকে বর্ণিত তিনি বলেন,

كنتم خير أمة اخرجت للناس

এই আয়াতের ব্যাখ্যায় রাসূল সা. বলেন, ‘ তোমরাই হলে মানুষের জন্য সবচেয়ে বেশি কল্যাণকামী, তোমরা তাদের গলায় বেড়ি পরিয়ে নিয়ে আসবে, যাতে (কাছে থেকে ইসলামে সৌন্দর্য দেখে) তারা ইসলাম গ্রহণ করে।’ -ইবনে কাসির
আচ্ছা বলুন তো, জিহাদ ব্যতীত অন্য কোন পন্থায় মানুষের গলায় বেড়ি পরিয়ে নিয়ে আসা যাবে?
হ্যাঁ, জিহাদের কারণেই ইসলাম প্রশংসিত ও বিশেষিত হবে কলুষিত ও তিরস্কৃত নয়।
পরাজিত মানসিকতা সম্পন্নদের বলছি, আপনারা এই দীনকে বিকৃত করার ক্ষেত্রে আল্লাহকে ভয় করুণ এবং ইসলাম ধর্ম-শন্তি ও নিরাপত্তার ধর্ম, একথা বলে জিহাদ নিয়ে ঠাট্টা করার ক্ষেত্রে আল্লাহকে ভয় করুণ।
হ্যাঁ, আমরাও বলি ইসলাম শান্তি ও নিরাপত্তার ধর্ম। কিন্তু সেটা হল সকল মানুষকে গাইরুল্লাহর ইবাদত থেকে ফিরিয়ে এক আল্লাহর ইবাদত ও তার হুকুমের দিকে নিয়ে আসার ভিত্তিতে। এটাই আল্লাহর আদেশ। এটা কোন মানুষের বানানো মানহাজ নয়। এবং কোন বুদ্ধিজীবির বুদ্ধিও নয় যে, দায়ীগণ এ ঘোষণা করতে লজ্জা বোধ করবেন যে, তাদের চূড়ান্ত টার্গেট হল,

ان يكون الدين كله لله

-দীনের পুরোটাই একমাত্র আল্লাহ তাআলার জন্য হবে।
‘ইসলাম হুজ্জাত ও বয়ানের মাধ্যমে প্রসারিত হয়েছে ঐ সকল লোকদের বেলায় যারা পৌঁছা মাত্র শুনেছে এবং গ্রহণ করে নিয়েছে। এবং তরবারী ও বল প্রয়োগের মাধ্যমে প্রসারিত হয়েছে ঐ সকল লোকের দিকে লক্ষ করে, যারা অহংকার ও অবাধ্য হয়ে ফিরে থেকেছে।
স্মর্তব্য : আল্লাহর রাস্তায় জিহাদ করে মানুষকে ইসলামের দিকে ডাকা এবং পৃথিবীর বুক থেকে চিরতরে শিরকের চিহ্ন মুছে ফেলার অর্থ এই নয় যে, মানুষকে ইসলাম গ্রহণ করতে বাধ্য করা হবে। এমনটি কখনও নয়। কারণ আল্লাহ তাআলা বলেন,

وَمَثَلُ الَّذِينَ يُنفِقُونَ أَمْوَالَهُمُ ابْتِغَاءَ مَرْضَاةِ اللَّهِ وَتَثْبِيتًا مِّنْ أَنفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلٌ فَآتَتْ أُكُلَهَا ضِعْفَيْنِ فَإِن لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

‘যারা আল্লাহর রাস্তায় স্বীয় ধন-সম্পদ ব্যয় করে আল্লাহ্র সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে এবং নিজের মনকে সুদৃঢ় করার জন্যে, তাদের উদাহরণ টিলায় অবস্থিত বাগানের মত, যাতে প্রবল বৃষ্টিপাত হয়; অতঃপর দ্বিগুণ ফসল দান করে। যদি এমন প্রবল বৃষ্টিপাত নাও হয়, তবে হাল্কা বর্ষণই যথেষ্ট। আল্লাহ্ তোমাদের কাজকর্ম প্রত্যক্ষ করেন।’ (সুরা বাকারা ২৬৫)

আর একারণেই তো মুশরিকরা নিজেদের ধর্ম ত্যাগ করে ইসলাম ধর্ম গ্রহণ না করতে চাইলে এ অধিকার তাদের আছে। কিন্তু এটা হবে একটা শর্তের উপর ভিত্তি করে। তা হল, জিম্মি অথবা জিযিয়া প্রদানের চুক্তি করে। সুতরাং ঐ চুক্তির ভিত্তিতে ইসলামী ভুখন্ডে ইহুদীরা ইহুদী অবস্থায় এবং নাসারারা নাসারা অবস্থায় থাকতে পারবে।
ইতিহাস সাক্ষী, ইসলামী ভূ-খন্ডে বিধর্মীরা নিরাপদে থেকেছে। মুসলমানদের পক্ষ থেকে তারা নিজ ধর্ম ত্যাগের ব্যাপারে কোন প্রকারের বাধ্যবাদকতার স্বীকার হয় নি। বিষয়টি প্রাচ্যবিদরাও স্বীকার করতে বাধ্য। প্রাচ্যের ধর্মনিরপেক্ষ গবেষক উলরেশ হেরমান বলেন, ‘মধ্যযুগে বিধর্মীদের প্রতি মুসলমানদের সহিষ্ণুতা দেখে আমি অবাক না হয়ে পারি না। আমি এখানে একটি মাত্র উদাহরণ দিচ্ছি। এই তো সালাহ উদ্দিন আইউবী, তিনি খ্রিষ্টানদের সাথে অকল্পনীয় উদারতা এবং সহিষ্ণুতা দেখিয়েছেন।’ তিনি তার বক্তব্যের শেষের দিকে বলেন, ‘কিন্তু মুসলমানদের প্রতি’ খ্রিষ্টানদের আচরণ এর সম্পূর্ণ বিপরীত।
আমেরিকার দার্শনিক ও ঐতিহাসিক ওল ডিয়ুরান্থ বলেন, ‘উমাইয়া খোলাফতের যুগে ইহুদী, খ্রিষ্টানসহ অন্য সকল বিধর্মীরা এতটাই সৌহার্দ্যের মধ্যে ছিল যে, অন্য কোথাও এটা খুঁজে পাওয়া যাবে না।’
লেবাননের খ্রিষ্টান গবেষক ড. জজ হিন্না বলেন, ‘আরব মুসলমানগণ খ্রিষ্টানদের সাথে অত্যাচার ও কঠোরতা কিভাবে করতে হয় জানতই না। তাঁরা খ্রিষ্টানদের থেকে ট্যাক্স গ্রহণ করে তাদের স্বাধীন ছেড়ে দিত। কিন্তু অতীত ও বর্তমানে খ্রিষ্টানরা সবসময়ই মুসলমানদের ধর্ম ত্যাগে বাধ্য করে আসছে। এবং তারা ধর্ম ত্যাগে অস্বীকৃতি জানালে তাদের কঠিন শাস্তি দেয় এবং তাদের হত্যা করে।
আমরা আল্লাহ তাআলার কাছে প্রার্থনা করি তিনি যেন তার দীনকে সম্মানিত করেন এবং তার কালিমাকে উঁচু করেন, আমীন।

এসো কাফেলাবদ্ধ হই
আল-কায়েদা উপমহাদেশ